

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, শরীয়তপুর।
(আইসিটি সেল)
www.shariatpur.gov.bd

জেলা ইনোভেশন টিমের এপ্রিল/২০১৮ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : কাজী আবু তাহের, জেলা প্রশাসক, শরীয়তপুর
সভার স্থান : জেলা প্রশাসক, শরীয়তপুর এর সম্মেলন কক্ষ
সভার তারিখ : ১৫-০৪-২০১৮ খ্রিঃ; সভার সময়ঃ ১২.১০ ঘটিকা

উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা পরিশিষ্ট ‘ক’ দৃষ্টব্য।

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) কে সভার কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ করা হলে তিনি গত মার্চ/১৮ মাসের সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। অতঃপর সভায় বিভিন্ন বিষয়ে আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্র.নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|--------|---|--|--|
| ০১ | স্বাস্থ্য টিডি | উপজেলার সাধারণ জনগণ স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ে সচেতনতা না থাকায় বিভিন্ন রোগে আক্রান্ত হতো। জনগণের মাঝে স্বাস্থ্য বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে শরীয়তপুর সদর উপজেলায় ক্যাবল টিডির সহায়তায় “স্বাস্থ্য টিডি” চালু করা হয়েছে। স্বাস্থ্য টিডি ২৪ ঘন্টা স্বাস্থ্য বিষয়ক তথ্য দিয়ে জনগণকে সচেতন করছে ও সুস্বাস্থ্য নাগরিক গঠনে সহায়তা করছে। এটি আরও উন্নত করে সারা দেশে প্রচারের ব্যবস্থা গ্রহণ করা। | উপজেলা নির্বাহী অফিসার, শরীয়তপুর সদর, শরীয়তপুর |
| ০২ | বয়োবৃদ্ধ পেনশনার ও আগত জনসাধারণের বিশ্রামের জন্য একটি ছাউনি ঘর নির্মাণ | উপজেলায় আগত সাধারণ জনগণ ও পেনশনারগণের বিশ্রামের কিংবা বসার জন্য কোন স্থান না থাকায় তাদের ভোগান্তি হতো। বিষয়টিকে সামনে রেখে বয়োবৃদ্ধ পেনশনার ও আগত সাধারণ জনগণের বিশ্রামের জন্য একটি ‘ছাউনি ঘর’ নির্মাণ করা হয়েছে। | উপজেলা নির্বাহী অফিসার, ডামুড্যা, শরীয়তপুর |
| ০৩ | বেকারমুক্ত গ্রাম | ডামুড্যা উপজেলার ইসলামপুর ইউনিয়নের গঙ্গাইশকাটি গ্রামকে বেকারমুক্ত করার জন্য বেকারদের প্রশিক্ষণ ও ঋণদান কার্যক্রম গ্রহণ করা হয়েছে। আশা করা যায় অতি দ্রুত গ্রামটি বেকারমুক্ত গ্রাম হিসেবে পরিণত হবে। উক্ত গ্রামটিকে মডেল হিসেবে বিবেচিত করে অন্যান্য গ্রামকেও বেকারমুক্ত করা হবে। | উপজেলা নির্বাহী অফিসার, ডামুড্যা, শরীয়তপুর |
| ০৪ | জনবান্ধব ভূমি অফিস বাস্তবায়ন | রাজশাহী বিভাগের পূর্বা উপজেলা ভূমি অফিসকে মডেল হিসেবে ধরে প্রতি জেলায় জনবান্ধব ভূমি অফিস স্থাপনের কার্যক্রম চলমান আছে। এ পদ্ধতি অনুসরণ করে শরীয়তপুর জেলার প্রতিটি উপজেলা ভূমি অফিসকে জনবান্ধব ভূমি অফিস হিসেবে প্রতিষ্ঠার কার্যক্রম গ্রহণ করতে হবে। তাছাড়া ভূমিসেবা গ্রহীতাদের দুর্নীতি ও হয়রানি রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী কমিশনার (ভূমি) (সকল), শরীয়তপুর |
| ০৫ | প্রযুক্তি নির্ভর জনবান্ধব ভূমি অফিস বিনির্মাণ | জনগণ ভূমি সেবা গ্রহণে যাতে দালাল ও প্রতারক চক্রের হয়রানির শিকার না হয় সেজন্য www.aclandzajira.com নামক একটি এ্যাপ্লিকেশন বেইজড ওয়েব সাইট ও অনলাইন মেসেজিং সিস্টেম চালু, ফ্রন্টডেস্ক স্থাপন, ফি ওয়াইফাই জোন তৈরি ও আগত জনগণের বসার জন্য ‘মাটির পরশ’ নামক গোলঘর স্থাপন করা হয়েছে। | সহকারী কমিশনার (ভূমি) জাজিরা, শরীয়তপুর |

সভায় উল্লিখিত ইনোভেশনসমূহের প্রচার অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন এবং নতুন নতুন ইনোভেশনের জন্য সকলকে আহ্বান জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(কাজী আবু তাহের)
জেলা প্রশাসক
শরীয়তপুর।

ফোনঃ +৮৮ ০৬০১-৬১৬১০

ই-মেইলঃ dcshariatpur@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৩০.৮৬০০.০২২.১০.০১৩.১৬- (১০)

তারিখঃ -০৫-২০১৮ খ্রিঃ।

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ০৩। মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয় ও প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম।
- ০৪। নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
- ০৫। জনাব -----, শরীয়তপুর।
- ০৬। অফিস কপি।

সহকারী কমিশনার
আইসিটি সেল, শরীয়তপুর।